



আজ মহান শিক্ষা দিবস

স্টাফ রিপোর্টার। আজ ১৭ সেপ্টেম্বর, মহান শিক্ষা দিবস। আজ থেকে ৩৩ বছর আগে ১৯৬২ সালের এই দিনে কুখ্যাত হামিদুর রহমান শিক্ষা কমিশন রিপোর্ট বাজিলের দাবিতে ছাত্রসমাজ বিক্ষোভ করলে পুলিশ তাদের ওপর গুলি চালায়। এতে ওয়াজিউল্লাহ, বাবুল ও

(শেষ পৃষ্ঠা ১ কক্ষ দেখুন)

আজ মহান শিক্ষা

(প্রথম পাতার পর)

গোলাম মোস্তফা নিহত হয়। তাছাড়া শতাধিক ছাত্র আহত হয়।

শিক্ষা দিবস উপলক্ষে আওয়ামী লীগ সভানেত্রী এক বাণী দিয়েছেন। বাণীতে তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর প্রগতিশীল শিক্ষানীতি ও ব্যবস্থাকে ধ্বংস করে শিক্ষা ক্ষেত্রে পুনরায় পশ্চাদমুখিতা, ধর্মাত্মতা ও সাম্প্রদায়িকতা প্রামদানি করা হয় এবং পাঠ্যসূচী পরিবর্তন করে ইতিহাস বিকৃতি ঘটিয়ে জাতিকে বিভ্রান্ত করার গভীর ষড়যন্ত্র শুরু হয়। তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক একটি সর্বজনীন গণতান্ত্রিক শিক্ষানীতি ছাড়া সমাজের সার্বিক কল্যাণ সম্ভব নয়। আওয়ামী লীগ সভানেত্রী এ বক্তব্যকে যথাযোগ্য ভূমিকা রাখার আহ্বান জানান।